



# জাতীয় গ্রন্থকেন্দ্র

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়



৫/সি, বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা-১০০০

ফোন-৯৫৫৫৭৪৩, ফ্যাক্স-৯৫৭২২১১

Email: granthakendro.org@gmail.com Web: www.nbc.org.bd

### পুস্তক ক্রয়ের জন্য তালিকা আহ্বান

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থবছরের অনুন্নয়ন খাতে নির্বাচিত বেসরকারি গ্রন্থাগারসমূহকে জাতীয় গ্রন্থকেন্দ্রের মাধ্যমে অনুদান হিসেবে সরবরাহের নিমিত্ত গ্রন্থ ক্রয়ের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। পরিপ্রেক্ষিতে ‘বেসরকারি গ্রন্থাগারে অনুদান বরাদ্দ এবং বই নির্বাচন সরবরাহ সংক্রান্ত নীতিমালা ২০১৪’ অনুযায়ী গ্রন্থ সরবরাহ করতে আগ্রহী প্রকাশনা প্রতিষ্ঠান/লেখক-প্রকাশককে নিম্নবর্ণিত শর্তাদি অনুসরণে গ্রন্থ-তালিকা আগামী ৩০/১০/২০১৭ তারিখের মধ্যে পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র (৫/সি বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা-১০০০) এর দপ্তরে জমা প্রদানের জন্য অনুরোধ করা যাচ্ছে।

### শর্তাবলি/নিয়মাবলি

- (ক) জমাকৃত তালিকার একটি সিডি অবশ্যই MS Word Format; Table এ Column, Rows; Nikosh; Font 14- এ হতে হবে। উল্লেখ্য, MS Excel, Access কিংবা Illustrator এ করা তালিকার সিডি গ্রহণযোগ্য নয়। তালিকা তৈরিতে Header and Footer; Bullets and Numbering ব্যবহার করা যাবে না। উক্ত সিডিসহ ১২(বার) সেট তালিকা জমা দিতে হবে। সিডি ছাড়া কোনো তালিকা গ্রহণ করা হবে না।
- (খ) গ্রন্থ-তালিকার সঙ্গে প্রতিটি শিরোনামের এক কপি করে গ্রন্থ (ফেরতযোগ্য) নমুনা হিসেবে অবশ্যই জমা প্রদান করতে হবে।
- (গ) তালিকাভুক্ত গ্রন্থ অক্টোবর ২০১৫ থেকে সেপ্টেম্বর ২০১৭ সময়ের মধ্যে বাংলাদেশে প্রকাশিত হতে হবে।
- (ঘ) তালিকার সঙ্গে প্রকাশনা প্রতিষ্ঠানের সত্যায়িত ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর প্রদানের প্রমাণপত্র এবং প্রকাশকের পাসপোর্ট সাইজের এক কপি ছবি প্রদান করতে হবে। ব্যক্তিগত প্রকাশনার ক্ষেত্রে এ শর্ত শিথিলযোগ্য।
- (ঙ) প্রতিটি প্রকাশনা প্রতিষ্ঠানের সর্বোচ্চ ৪০টি গ্রন্থের তালিকা/তথ্য প্রদান করা যাবে।
- (চ) ২০১৬-২০১৭ অর্থবছরে যেসব গ্রন্থ নির্বাচিত হয়েছে সে সকল গ্রন্থ সরবরাহকৃত তালিকায় অন্তর্ভুক্ত করা যাবে না।
- (ছ) তালিকায় বর্ণিত গ্রন্থের কাগজ অন্যান্য ৭০ গ্রাম অফসেট, হার্ড বাইন্ডিং এবং কমপক্ষে ৩ (তিন) ফর্মাভিশিষ্ট হতে হবে।
- (জ) তালিকায় কপিরাইট আইন পরিপন্থী, পাইরেটেড কোনো গ্রন্থ থাকলে প্রকাশনা প্রতিষ্ঠানকে নির্বাচন তালিকা থেকে বাদ দেয়াসহ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।
- (ঝ) নীতিমালা অনুযায়ী গ্রন্থ নির্বাচনের ক্ষেত্রে একজন লেখকের অনধিক ৫(পাঁচ)টি গ্রন্থ এবং একটি প্রকাশনা প্রতিষ্ঠানের সর্বোচ্চ ২৫(পঁচিশ)টি গ্রন্থ নির্বাচন করা যাবে।
- (ঞ) আগ্রহী প্রকাশনা প্রতিষ্ঠান কেবল মূল প্রতিষ্ঠানের গ্রন্থ-তালিকা সরবরাহ করতে পারবে। একই গ্রন্থ লেখক ও প্রকাশক উভয়ে জমা দিতে পারবেন না।
- (ট) নিম্নবর্ণিত ছকে সঠিকভাবে তথ্যাদি উপস্থাপন করতে হবে। কোনোভাবেই ‘ছক’ পরিবর্তন করা যাবে না।
- (ঠ) গ্রন্থ নির্বাচন বিষয়ে সংশ্লিষ্ট কমিটি বা কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

ক্রমিক	লেখকের নাম	গ্রন্থের নাম	প্রকাশকের নাম, ঠিকানা ও সেলফোন	গ্রন্থ প্রকাশের তারিখ	মূল্য	কাগজের ধরন	পৃষ্ঠা সংখ্যা	বিষয়	ISBN	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১

(মোঃ নজরুল ইসলাম)

পরিচালক (উপসচিব)